



# নিরাপদে কাজ করার জন্য 5 টি পদক্ষেপ

আমাদের বিভিন্ন ধরনের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সাহায্য করার জন্য বার্মিংহাম সিটি কাউন্সিল 26 জুন তারিখে প্রকাশিত নিরাপদে কাজ করা সংক্রান্ত সরকারের 5 পদক্ষেপ বিষয়ক তথ্য অনুবাদ করেছে। এগুলোতে নতুন তথ্য সংযোজন করা হতে পারে। সুতরাং যে কোনো নতুন তথ্য সম্পর্কে জানার জন্য <https://www.gov.uk/guidance/working-safely-during-coronavirus-covid-19/5-steps-to-working-safely> লিংক-এ [national website](#) দেখে নেবেন।।

ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে 5 টি প্রধান পদক্ষেপ ভিত্তিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনার কর্মস্থলের জন্য সম্পর্কযুক্ত পথ-নির্দেশনামূলক সব তথ্য নিশ্চিত করে পড়ে নেবেন। প্রতিটি পথ-নির্দেশনায় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য এই 5 পদক্ষেপ ভিত্তিক করণীয় কাজের দিক-নির্দেশ রয়েছে। ব্যবসা প্রতিষ্ঠানগুলো পুনরায় খুলতে সমর্থ হতে থাকাকালে আরো পথ-নির্দেশনা এই লিংক-এ প্রকাশ করা হবে: <https://www.gov.uk/guidance/working-safely-during-coronavirus-covid-19>

## 1. কোভিড-19 সংক্রমণের ঝুঁকি মূল্যায়ন সম্পন্নকরণ

কাজ পুনরায় শুরু করার পূর্বে নিম্নলিখিত ভাবে আপনার কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করে নেবেন:

- [HSE guidance](#) ( এইচ.এস.ই নির্দেশনা) অনুযায়ী কোভিড-19 সংক্রমণের ঝুঁকি মূল্যায়ন করে নেবেন
- আপনার কর্মচারীদের অথবা ট্রেইড ইউনিয়নগুলোর সঙ্গে শলা পরামর্শ করবেন
- ঝুঁকি মূল্যায়নের ফলাফল আপনার কর্মচারীদেরকে জানাবেন এবং সাথে আপনার ওয়েবসাইটে তা প্রকাশ করবেন।

## 2. পরিষ্কারকরণ, হাত ধৌতকরণ এবং ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত নিয়মাবলী চালুকরণ

হাত ধোয়ার এবং পৃষ্ঠ পরিষ্কার করার সংখ্যা বাড়াবেন:

- [guidance on hand washing and hygiene](#) (হাত ধোয়া এবং ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত নির্দেশনা) অনুসরণ করতে লোকদেরকে উৎসাহিত করে
- ওয়াশরুম ছাড়াও কর্মস্থলের বিভিন্ন জায়গায় হ্যান্ড সেনিটাইজার রেখে।
- যে জিনিসপত্র ও পৃষ্ঠ নিয়মিত স্পর্শ করা হয়, তা ঘনঘন পরিষ্কার এবং জীবানুমুক্ত করার মাধ্যমে
- ব্যস্ত এলাকাগুলো বেশি বেশি করে পরিষ্কার করে
- টয়লেট ব্যবহার করা ও তা পরিষ্কার করা সংক্রান্ত সুস্পষ্ট নির্দেশনা প্রদান করে
- হাত শুকানোর সুবিধা (পেপার টাওয়াল বা বৈদ্যুতিক ড্রায়ার) প্রদান করে।

## 3. ঘরে বসে কাজ করতে সাহায্যকরণ



আপনার কর্মীরা যাতে ঘরে বসে কাজ করতে পারেন সেজন্য সব ধরনের যুক্তিসঙ্গত ব্যবস্থা গ্রহণ করবেন:

- ঘরে বসে কাজের ব্যবস্থা নিয়ে আলোচনা করে
- তাদের যথাযথ সরঞ্জাম আছে কি না তা নিশ্চিত করে, উদাহরণস্বরূপ, দূর থেকে কাজের সিস্টেমের সংযোগ সুবিধা আছে তা নিশ্চিত করে
- সব ধরনের যোগাযোগে তাদেরকে অন্তর্ভুক্ত করে
- তাদের শারীরিক এবং মানসিক অবস্থার যত্ন নিয়ে।

#### 4. যেখানে সম্ভব 2 মিটার সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করা

যেখানে সম্ভব হবে সেখানে লোকদের মধ্যে 2 মিটার দূরত্ব বজায় রাখার ব্যবস্থা করবেন:

- কর্মচারী ও ভিজিটরদেরকে সামাজিক দূরত্ব বজায় রাখার নির্দেশাবলী মনে করিয়ে দেওয়ার জন্য সাইন লাগিয়ে
- ওয়ার্কস্টেশন ভাগাভাগি করে ব্যবহার করা পরিহার করে
- 2 মিটার সামাজিক দূরত্ব বজায় রাখতে লোকদেরকে সাহায্য করার জন্য ফ্লোর বা মেঝে ফিতা বা রং দিয়ে চিহ্নিত করে নিয়ে
- সম্ভব হলে কর্মস্থলে একদিকে প্রবেশের এবং অন্যদিকে বের হওয়ার ব্যবস্থা করে
- যদি সম্ভব হয়, তবে শুধুমাত্র এপয়েন্টমেন্টের মাধ্যমে ভিজিটরদের সাথে সাক্ষাতের ব্যবস্থা করে।

#### 5. যেখানে লোকজন একে অপর থেকে 2 মিটার দূরে থাকতে পারবেন না সেখানে সংক্রমণের ঝুঁকি কমানো

যেখানে লোকজন একে অপর থেকে 2 মিটার দূরে থাকতে পারবেন না, সংক্রমণের ঝুঁকি নিয়ন্ত্রণ করার জন্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করবেন:

- ব্যবসা সচল রাখতে কোনো একটি কাজ চালিয়ে যাওয়া প্রয়োজন কি না তা বিবেচনা করে নিয়ে
- যতটুকু সম্ভব কম সময়ের ভিতরে কোনো একটি কাজ শেষ করার মাধ্যমে
- পর্দা বা বেড়া ব্যবহার করে একজন থেকে অন্যজনকে আলাদা করে নিয়ে
- যখনই সম্ভব হবে তখন পিছন পিছন বা পাশাপাশি কাজ করার ব্যবস্থ্যা করে
- কর্মীদের কাজে যোগদানের ও কাজ শেষ করার সময় ভিন্ন ভিন্ন করে নিয়ে যাতে একে এক জন একে এক কর্মস্থলে আসেন ও ত্যাগ করেন
- 'কর্মীদের নির্দিষ্ট টিম বা পার্টনারিং' ব্যবহার করে প্রত্যেক ব্যক্তির সংস্পর্শে আসা লোকদের সংখ্যা কমিয়ে নিয়ে।